

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫২৯

১/ বিবিধ

আরবী

من ضحى طيبة بها نفسه، محتسبا لأضحيته، كانت له حجابا من النار  
موضوع

قال الهيثمي في "المجمع" (4 / 17) وقد ذكره من حديث حسن بن علي: "رواه الطبراني في "الكبير" وفيه سليمان بن عمرو النخعي وهو كذاب". قلت: وقال ابن حبان فيه (1 / 330): "كان رجلا صالحا في الظاهر إلا أنه كان يضع الحديث وضعاً ومن سهو السيوطي أنه أورده في "الجامع الصغير" من هذا الوجه! ورده عليه شارحه المناوي بكلام الهيثمي هذا ثم قال: فكان ينبغي للمصنف حذفه من الكتاب

বাংলা

৫২৯। যে ব্যক্তি নিজ খুশিতে কুরবানী করবে, তার কুরবানীর মাধ্যমে সম্ভষ্টি ও ছাওয়াব প্রাপ্তির আশায়, তার জন্য তা জাহান্নাম হতে পর্দা স্বরূপ হয়ে যাবে।

হাদীছটি জাল।

হয়ছামী "আল-মাজমা" (৪/১৭) গ্রন্থে বলেনঃ এটি হাসান ইবনু আলীর হাদীছ হতে বর্ণনা করা হয়ে থাকে। এটিকে তাবারানী "আল-মুজামুল কাবীর" গ্রন্থে বর্ণনা করেছেন। হাদীছটির সনদে সুলায়মান ইবনু আমর আন-নাখ'ঈ রয়েছে, তিনি মিথ্যুক।

আমি (আলবানী) বলছিঃ সুলায়মান সম্পর্কে ইবনু হিব্বান (১/৩৩০) বলেনঃ তিনি বাহ্যিকভাবে একজন নেককার ব্যক্তি ছিলেন, কিন্তু তিনি হাদীছ জাল করতেন।

সুযুতীর ক্রটি এই যে, তিনি “আল-জামেউস সাগীর” গ্রন্থে এ সুত্রেই বর্ণনা করেছেন। তার ভাষ্যকার মানবী হায়ছামীর বক্তব্য দ্বারা তার প্রতিবাদ করে বলেছেনঃ লেখকের উচিত ছিল কিতাব হতে হাদীছটি মুছে ফেলা।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71408>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন